**ভোরের কাগজ**

তারিখ ... AUG 25 1999
পৃষ্ঠা ২ ... কলাম ৭

18

## বুয়েটের বহিষ্কৃত ৩ ছাত্রের লিভ টু আপিল খারিজ

সুপ্রিম কোর্ট প্রতিবেদক ॥ সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বুয়েটের বহিষ্কৃত তিন ছাত্রের পক্ষে দায়েরকৃত লিভ টু আপিল পিটিশন তিনটি গতকাল মঙ্গলবার খারিজ করে দিয়েছে।

শৃঙ্খলাবিরোধী কার্যকলাপের অভিযোগে বুয়েট চারজন ছাত্রকে বহিষ্কার করলে বহিষ্কৃতদের 'পক্ষ' থেকে হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চে রিট পিটিশন দায়ের করা হয়।

হাইকোর্ট রিট পিটিশন তিনটি খারিজ করে দিলে এর বিরুদ্ধে তারা আপিল বিভাগে লিভ টু আপিল দায়েরের জন্য সময়ের আবেদনের পরিপ্রেক্ষিতে আপিল বিভাগের বিচারপতি বিমলেন্দু বিকাশ রায় চৌধুরী চেম্বার থেকে হাইকোর্টের আদেশটি স্থগিত করা হয় এবং একই সঙ্গে আপিল বিভাগের শুনানিসাপেক্ষে তাদেরকে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হয়। গতকাল আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ, সংক্ষিপ্ত শুনানি শেষে আবেদন তিনটি খারিজ করে দেয়।